**Times Today BD**

নূর আলম | ময়মনসিংহ | 18 May, 2025

নেত্রকোণার দুর্গাপুরে সুসং সরকারি মহাবিদ্যালয়ের ২০২০-২১ শিক্ষাবর্ষের ডিগ্রি তৃতীয় বর্ষের শিক্ষার্থীরা অতিরিক্ত ভর্তি ফি কমানোর দাবিতে মানববন্ধন করেছেন।

রবিবার (১৮ মে) দুপুরে কলেজ চত্বরে ঘন্টাব্যাপী এ মানববন্ধন কর্মসূচি অনুষ্ঠিত হয়।এতে শিক্ষার্থীরা বিভিন্ন প্ল্যাকার্ড হাতে নিয়ে কলেজ কর্তৃপক্ষের বিরুদ্ধে অতিরিক্ত ফি আদায়ের প্রতিবাদ জানান।

মানববন্ধনে বক্তব্য রাখেন শিক্ষার্থী নূর আলম, জহির রায়হান, সুরাইয়া সুলতানা স্বর্ণা, সাথী আক্তার, সোহেল, সাগর প্রমুখ।

বক্তব্যে শিক্ষার্থীরা জানান, দেশের অন্যান্য সরকারি কলেজে যেখানে ১ হাজার থেকে ১২০০ টাকা পর্যন্ত ভর্তি ফি নেওয়া হচ্ছে, সেখানে সুসং সরকারি মহাবিদ্যালয়ে ১৯৪০ টাকা ফি ধার্য করা হয়েছে, যা সম্পূর্ণ অযৌক্তিক।

শিক্ষার্থী নূর আলম ও জহির রায়হান বলেন, “একটি সরকারি কলেজে কেন বেসরকারি কলেজের মতো ভর্তি ফি দিতে হবে? আমরা যৌক্তিক দাবি নিয়ে শান্তিপূর্ণ কর্মসূচি পালন করছি।অন্য সব সরকারি কলেজের মতো আমাদের কলেজেও ন্যায্য হারে ভর্তি ফি নির্ধারণ করতে হবে।”

অন্যদিকে শিক্ষার্থী স্বর্ণা ও সাথী আক্তার বলেন, “আমরা কৃষক পরিবারের সন্তান।এত বড় অঙ্কের ফি দিয়ে ভর্তি হওয়া আমাদের পক্ষে সম্ভব নয়।বিবিধ খরচ বা খণ্ডকালীন শিক্ষকদের

বেতন আমরা কেন বহন করব? আমরা সরকারি কলেজে ভর্তি হয়েছি সরকারি ফি অনুযায়ী পড়াশোনার জন্য, অতিরিক্ত ফি মেনে নেওয়া যায় না।"

মানববন্ধন শেষে শিক্ষার্থীরা কলেজ প্রাঙ্গণে বিক্ষোভ মিছিল বের করেন এবং পরে উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) কাছে স্মারকলিপি প্রদান করেন।

বিক্ষোভ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 10 June, 2025 23:27

URL: https://timestodaybd.com/public/mymensingh/2647775807